<u>চুক্তির ভিত্তিতে দৈনিক আমানত সংগ্রাহক (DDS Agent) নিযুক্তিকরণের বিজ্ঞপ্তি</u>

মেমো নং: 878/25-26 তারিখ : ২৮শে জানুয়ারি, ২০২৬

মোবাইল-অ্যাপের মাধ্যমে গ্রাহকদের দৈনিক আমানত (Daily Collection) সংগ্রহের উদ্দেশ্যে কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর বিভিন্ন শাখার আওতাধীন নির্ধারিত এলাকাসমূহে **DDS Agent** হিসেবে **চুক্তিভিত্তিক** নিযুক্তিকরণের জন্য ইচ্ছুক যোগ্য প্রার্থীদের নিকট থেকে খসড়া আবেদনপত্র মোতাবেক দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

বয়সসীমা:

প্রাপ্তবয়স্ক পুরুষ / মহিলা প্রার্থী। সর্বোচ্চ বয়সসীমা **৫০ (পঞ্চাশ) বছর** পর্যন্ত।

শিক্ষাগত যোগ্যতা:

স্বীকৃত শিক্ষা পর্ষদ থেকে ন্যূনতম **মাধ্যমিক (দশম শ্রেণি) উত্তীর্ণ** হতে হবে।

মৌলিক শর্তাবলী:

- প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে এবং দায়িত্বশীলভাবে ও দক্ষতার সঙ্গে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- প্রার্থীর ভালো জনসংযোগ দক্ষতা (communication skill) থাকতে হবে।
- কোনো প্রকার প্রতারণা বা অর্থ-তছরুপ সংক্রান্ত পূর্ব রেকর্ড থাকা চলবে না।
- প্রার্থীর ভোটার কার্ড ও আধার কার্ডে উল্লিখিত ঠিকানা সংশ্লিষ্ট নিয়োগ এলাকার অন্তর্গত হতে হবে।
- সাম্প্রতিক স্ট্যাম্প সাইজ রঙিন ছবি (২ কপি) সহ ভোটার কার্ড, আধার কার্ড ও PAN কার্ডের স্ব-প্রত্যয়িত কপি জমা দিতে হবে।
- DDS মোবাইল অ্যাপ ও Bluetooth প্রিন্টার-এর মূল্য বাবদ **₹৩৫,০০০/- (ফেরৎযোগ্য নয়)** জমা করা আবশ্যক।
- প্রার্থীর নিজস্ব **স্মার্টফোন ও দু'চাকার মোটরযান** থাকা আবশ্যক।
- ৭ (সাত) দিনের দৈনিক সংগ্রহ সীমা অনুযায়ী একটি **Special Overdraft Limit** সুবিধা প্রদানের জন্য প্রার্থীকে প্রয়োজনীয় **স্থাবর সম্পত্তি ব্যাঙ্কে মর্টগেজ** করতে হবে।
- সংশ্লিষ্ট অঞ্চলের একজন বিশিষ্ট ব্যক্তিকে **জামিনদার** হিসেবে থাকতে হবে।

অতিরিক্ত শর্তাবলী:

- প্রতি মাসের শেষে দৈনিক সংগ্রহের মোট পরিমাণের উপর **১.৭৫%** হারে কমিশন এজেন্টকে প্রদান করা হবে। কমিশনের হার সময়বিশেষে পরিবর্তনযোগ্য।
- মাসিক কমিশনের **৫%** তিন বছরের জন্য Agent-এর নামে **Recurring Deposit** হিসাবে অতিরিক্ত জামানত (ফেরৎযোগ্য) হিসেবে রাখা হবে।

নিযুক্তির ক্ষেত্রে ব্যাঙ্ক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোনো প্রকার তছরুপ বা ব্যাঙ্কের স্বার্থবিরোধী কার্যকলাপের জন্য চুক্তি বাতিলের পূর্ণ অধিকার ব্যাঙ্ক কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিযুক্ত ব্যক্তি স্থায়ীকরণের জন্য আবেদন করতে পারবেন না।

শাখাভিত্তিক এলাকা, শূন্যপদ ও আবেদন জমাদানের স্থান

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ (সমস্ত শাখার জন্য): ২৯শে জানুয়ারি ২০২৬

আবেদন গ্রহণের শেষ তারিখ (সমস্ত শাখার জন্য): ৬ই ফেব্রুয়ারি ২০২৬, বিকাল ৪:০০ পর্যন্ত

---

১) প্রধান শাখা

আমানত সংগ্রহের এলাকা:
সমগ্র কাঁথি পৌরসভা এলাকা, কাঁথি ১ নং ব্লক, কাঁথি ২ নং ব্লক ও কাঁথি ৩ নং ব্লক।

শূন্যপদ: ১৪ (চৌদ্দ)

আবেদনপত্র জমা করিবার স্থান:

এম.ডি ও সি.ই.ও,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

প্রধান কার্যালয়, কাঁথি, পূর্ব মেদিনীপুর।

---

২) রামনগর শাখা

আমানত সংগ্রহের এলাকা:
সমগ্র রামনগর ১ নং ব্লক ও রামনগর ২ নং ব্লক।

শূন্যপদ: ৮ (আট)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

রামনগর শাখা, রামনগর, পূর্ব মেদিনীপুর।

---

৩) এগরা শাখা

আমানত সংগ্রহের এলাকা:

সমগ্র এগরা পৌর এলাকা, এগরা মহকুমার ১ নং ব্লক ও ২ নং ব্লক এবং পশ্চিম মেদিনীপুর জেলার মোহনপুর ব্লক।

শূন্যপদ: ৩ (তিন)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

এগরা শাখা, এগরা, পূর্ব মেদিনীপুর।

---

৪) হেঁড়িয়া শাখা

আমানত সংগ্রহের এলাকা:

কাঁথি মহকুমার খেজুরী ১ নং ব্লক, খেজুরী ২ নং ব্লক এবং ভগবানপুর ২ নং ব্লক।

শূন্যপদ: ৮ (আট)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

হেঁড়িয়া শাখা, খেজুরী, পূর্ব মেদিনীপুর।

---

৫) মঙ্গলামাড়ো শাখা

আমানত সংগ্রহের এলাকা:

এগরা মহকুমার পটাশপুর ১ নং ব্লক, পটাশপুর ২ নং ব্লক ও ভগবানপুর ১ নং ব্লক এবং খড়্গপুর মহকুমার সবং ও পিংলা ব্লকের শাখা নিকটবর্তী এলাকা সমূহ।

শূন্যপদ: ৬ (ছয়)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

মঙ্গলামাড়ো শাখা, মঙ্গলামাড়ো, পূর্ব মেদিনীপুর।

---

৬) বেলদা শাখা

আমানত সংগ্রহের এলাকা:

ডেবরা, নারায়ণগড়, দাঁতন ও কেশিয়াড়ি ব্লকের সমগ্র এলাকা।

শূন্যপদ: ১০ (দশ)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

বেলদা শাখা, বেলদা, পশ্চিম মেদিনীপুর।

---

৭) দুর্গাচক শাখা

আমানত সংগ্রহের এলাকা:

সমগ্র হলদিয়া পৌর এলাকা।

শূন্যপদ: ৬ (ছয়)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

দুর্গাচক শাখা, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।

---

৮) পাঁশকুড়া শাখা

আমানত সংগ্রহের এলাকা:
পাঁশকুড়া ১ নং ব্লক, পাঁশকুড়া পৌর এলাকা এবং ঘাটাল মহকুমার সমগ্র এলাকা।

শূন্যপদ: ৮ (আট)

আবেদনপত্র জমা করিবার স্থান:
শাখা আধিকারিক,
কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,
পাঁশকুড়া শাখা, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর।

---

৯) মহিষাদল শাখা

আমানত সংগ্রহের এলাকা:
মহিষাদল ব্লক এবং সুতাহাটা ব্লক।

শূন্যপদ: ৬ (ছয়)

আবেদনপত্র জমা করিবার স্থান:
শাখা আধিকারিক,
কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,
মহিষাদল শাখা, মহিষাদল, পূর্ব মেদিনীপুর।

---

১০) বাড়বড়িষা (কোলাঘাট) শাখা

আমানত সংগ্রহের এলাকা:
তমলুক মহকুমার তমলুক ২ নং ব্লক ও পাঁশকুড়া ২ নং ব্লক।

শূন্যপদ: ৬ (ছয়)

আবেদনপত্র জমা করিবার স্থান:
শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

বাড়বড়িষা শাখা, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর।

---

১১) নন্দীগ্রাম শাখা

আমানত সংগ্রহের এলাকা:
হলদিয়া মহকুমার নন্দীগ্রাম ১ নং ও ২ নং ব্লক এবং তমলুক মহকুমার চন্ডীপুর ব্লক।

শূন্যপদ: ৬ (ছয়)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

নন্দীগ্রাম শাখা, নন্দীগ্রাম, পূর্ব মেদিনীপুর।

---

১২) বড়বাজার (কলকাতা) শাখা

আমানত সংগ্রহের এলাকা:
কলিকাতার সমগ্র পৌর এলাকা।

শূন্যপদ: ৫ (পাঁচ)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

বড়বাজার শাখা, কলকাতা।

---

১৩) সি.কে. রোড (চন্দ্রকোনা রোড) শাখা

আমানত সংগ্রহের এলাকা:

চন্দ্রকোনা ১ ও ২ নং ব্লক, গড়বেতা ১, ২ ও ৩ নং ব্লক এবং চন্দ্রকোনা ও ক্ষীরপাই পৌর এলাকা।

শূন্যপদ: ৬ (ছয়)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

সি.কে. রোড শাখা, গড়বেতা, পশ্চিম মেদিনীপুর।

---

১৪) ডানকুনি শাখা

আমানত সংগ্রহের এলাকা:

হুগলী জেলার সমগ্র এলাকা।

শূন্যপদ: ৪ (চার)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

ডানকুনি শাখা, ডানকুনি, হুগলী।

---

১৫) মেদিনীপুর শাখা

আমানত সংগ্রহের এলাকা:

মেদিনীপুর ও খড়্গপুর পৌর এলাকা, খড়্গপুর ১ ও ২ নং ব্লক এবং সমগ্র ঝাড়গ্রাম জেলা।

শূন্যপদ: ৬ (ছয়)

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক,

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড,

মেদিনীপুর শাখা, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর।

সাধারণ নির্দেশনা

আবেদনপত্র নির্ধারিত শাখা/কার্যালয়ে সরাসরি জমা দিতে হবে; ডাকযোগে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত নথিপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে—

- *সাম্প্রতিক স্ট্যাম্প সাইজ রঙিন ছবি— ২ কপি*
- *ভোটার কার্ডের স্ব-প্রত্যয়িত কপি*
- *আধার কার্ডের স্ব-প্রত্যয়িত কপি*
- *PAN কার্ডের স্ব-প্রত্যয়িত কপি*

অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত কোনো আবেদন বিবেচনার যোগ্য বলে গণ্য হবে না। প্রয়োজনবোধে ব্যাঙ্ক কর্তৃপক্ষ যেকোনো প্রার্থীকে সাক্ষাৎকার বা অতিরিক্ত যাচাইয়ের জন্য আহ্বান করতে পারেন।

নিযুক্তির ক্ষেত্রে ব্যাঙ্ক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত ও সকলের জন্য বাধ্যতামূলক বলে বিবেচিত হবে। ব্যাঙ্কের স্বার্থের পরিপন্থী কোনো কার্যকলাপ, অসদাচরণ, অনিয়ম, অর্থ-তছরুপ বা শর্তভঙ্গের ক্ষেত্রে ব্যাঙ্ক কর্তৃপক্ষ পূর্ব নোটিশ ব্যতিরেকেও চুক্তি বাতিল করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে। এই নিয়োগ সম্পূর্ণরূপে চুক্তিভিত্তিক; নিযুক্ত ব্যক্তি কোনো অবস্থাতেই স্থায়ী নিয়োগের দাবি বা আবেদন করতে পারবেন না।

ব্যাঙ্ক কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তির যেকোনো শর্ত সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে এবং এই বিষয়ে কোনো প্রকার দাবি বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

প্রধান কার্যালয়, কাঁথি

পূর্ব মেদিনীপুর

(ব্যাঙ্ক কর্তৃপক্ষের আদেশক্রমে প্রকাশিত)

Annexure : আবেদনপত্রের নির্ধারিত ফরম্যাট

To
The Branch Manager/ M.D. & C.E.O.
Contai, Purba Mediipur

মাননীয় মহাশয় ,
আমি আপনাদের প্রকাশিত পত্রাঙ্ক সংখ্যা____________________ তাং ___________________ মোতাবেক ___________________________শাখায় চুক্তি ভিত্তিক আমানত সংগ্রাহক হিসাবে নিয়ুক্তিকরণের আবেদন জানাচ্ছি।

জীবনপঞ্জি

নাম :-

বাবার / স্বামীর নাম :-

ঠিকানা ও মোবাইল নং :-

বয়স :-

শিক্ষাগত যোগ্যতা :-

অনুরূপ কাজের পূর্ব অভিজ্ঞতা :- হ্যাঁ / না

যদি পূর্ব অভিজ্ঞতা থাকে তার বিবরণ :-

জামিনদারের নাম ঠিকানা এবং মোবাইল নং :-

আমি ব্যাঙ্কের পত্রাঙ্ক অনুযায়ী নিজেকে যোগ্য হিসাবে বিবেচনা করছি। আমার আধার , ভোটার ও PAN Card এর copy আবেদনের সাথে সংশ্লিষ্ট করছি ।পত্রাঙ্কে উল্লিখিত সমস্ত শর্তাবলী আমি মেনে চলতে বাধ্য থাকব।

ইতি বিনীত/ বিনীতা

-----------------------------------   ---

জামিনদারের স্বাক্ষর   আবেদনকারীর স্বাক্ষর

তাং :-
স্থান :-